

# ট্রাফিক নিয়ন্ত্রণে থাকা শিক্ষার্থীদের প্রতি সারজিসের বিশেষ আহ্বান

অনলাইন ডেস্ক

১৬ আগস্ট,  
২০২৪ ১৫:৪০

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

শিক্ষার্থীদের ট্রাফিক নিয়ন্ত্রণের দায়িত্ব থেকে সরে যাওয়ার আহ্বান জানিয়েছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সমন্বয়ক সারজিস আলম।

শুক্রবার (১৬ আগস্ট) সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অমর একুশে হলের সামনে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এই আহ্বান জানান।

এ সময় সারজিস আলম বলেন, ‘দেশের এই সংকটের সময় ছাত্রসমাজ যা করেছে, তার জন্য আমরা তাদের ধন্যবাদ জানাই। পুলিশ তাদের দায়িত্বে ফিরেছে।

সে ক্ষেত্রে শিক্ষার্থীদের প্রতি আমাদের আহ্বান, যেখানে যখন ট্রাফিক বা আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর টিম আসবে, সেখানে তাদের দায়িত্ব বুঝিয়ে দিয়ে আপনাদের সরে যেতে হবে। আপনাদের অবশ্যই শিক্ষাপ্রতিষ্ঠানে ফিরে যেতে হবে, ক্লাসে ফিরে যেতে হবে এবং পড়ার টেবিলে ফিরতে হবে।’

এ সময় তিনি আরো বলেন, ‘ধানমণ্ডি ৩২ নম্বরে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টিকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। তাই এসবের সঙ্গে সমন্বয়ক বা অন্য কেউ জড়িত থাকলে বহিষ্কার ও ব্যবস্থা নেওয়া হবে।